



ইরানের হামলায় সৌদিতে মার্কিন বিমান ক্ষতিগ্রস্ত



ছবি: সংগৃহীত

সৌদি আরবের প্রিন্স সুলতান বিমানঘাঁটিতে অবস্থানকালে মার্কিন বিমানবাহিনীর পাঁচটি জ্বালানি সরবরাহকারী বিমান ইরানের হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে। দুই মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে শুক্রবার ওয়াল স্ট্রিট জার্নাল এ খবর দিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, হামলার সময় বিমানগুলো পুরোপুরি ধ্বংস হয়নি এবং এখন মেরামতের কাজ চলছে। কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের ওপর যৌথ হামলা চালানোর পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়ছে। ইরান দাবি করেছে, ওই হামলায় প্রায় ১,৩০০ জন নিহত এবং ১০ হাজারের বেশি আহত হয়েছেন। জবাবে ইরান ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে ইসরায়েল, জর্ডান, ইরাক এবং উপসাগরীয় অঞ্চলের মার্কিন ঘাঁটিগুলোকে লক্ষ্যবস্তু করেছে।

তথ্যসূত্র: রয়টার্স

LENS ASIA